

**রংপুরের তারাগঞ্জে ৩২টি
শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে
৩১টির উপবৃত্তি বন্ধ**

রংপুর সংবাদদাতা ॥ ব্যাপক অনিয়ম ও দুর্নীতির অভিযোগে তারাগঞ্জ উপজেলার ৩২টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৩১টি শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি ও টিউশন ফি বন্ধ করে দেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক স্তরের ছাত্রীদের উপবৃত্তি প্রদান প্রকল্পের পরিচালক এ. ম. হাফিজুর রহমান স্মারিত্ত এক পত্রে তারাগঞ্জের ৩২টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শুধু তারাগঞ্জে (১৪শ পৃ: স্র:)

**রংপুরের তারাগঞ্জে
(৮ম পৃ: পর)**

ও/এ উচ্চ বিদ্যালয় বাবে ৩১টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের উপবৃত্তি ও টিউশন ফি বন্ধ করার নির্দেশ দেয়া হয়। উল্লেখ্য, দৈনিক ইত্তেফাকে ওই উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উপবৃত্তি প্রদানে ব্যাপক অনিয়মের খবর প্রকাশ হওয়ার পর শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি টিম তদন্ত করে এর সত্যতা পায়। পরবর্তীতে তাদের সুপারিশের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয় এই পদক্ষেপ নেয়।